



বাংলাদেশ ব্যাংক  
কমন সার্ভিসেস ডিপার্টমেন্ট-১  
প্রধান কার্যালয়  
ঢাকা।



ওয়েবসাইট : [www.bb.org.bd](http://www.bb.org.bd)

স্টাফ বাস ভাড়ার দরপত্র বিজ্ঞপ্তি।

বাংলাদেশ ব্যাংক, ঢাকা কেন্দ্রের নিম্নে বর্ণিত রুটের কর্মকর্তা/কর্মচারীবৃন্দের অফিসে আনা-নেয়ার জন্য ৪০ আসনের একটি মিনিবাস চুক্তি সম্পাদনের তারিখ হতে পরবর্তী ০৩(তিন) বছর মেয়াদে ভাড়া করার উদ্দেশ্যে প্রকৃত বাস মালিক/সংস্থার নিকট হতে ই-টেন্ডার প্রক্রিয়ায় **উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে** দরপত্র আহ্বান করা যাচ্ছে :

রুটের নাম	গাড়ির আকার	গাড়ির সংখ্যা	মডেল	দরপত্র জামানত
'মতিঝিল - উত্তরা (১১ নং সেক্টর চৌরাস্তা)'	৪০ আসনের মিনিবাস	০১	২০১২ সাল বা তৎপরবর্তী	৳২০,০০০/-

আগ্রহী দরদাতাগণ বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে ([www.bb.org.bd](http://www.bb.org.bd)) ই-টেন্ডারিং অপশনে Bidders হিসাবে রেজিস্ট্রেশন সম্পন্ন করতঃ নিজ ক্ষেত্রে প্রবেশপূর্বক আলোচ্য দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন। উপরে বর্ণিত দরপত্র জামানত (Tender Security) 'মহাব্যবস্থাপক, কমন সার্ভিসেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা' এর অনুকূলে যে-কোনো তফসিলি ব্যাংকের ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ১৬/০৮/২০২০ তারিখ বেলা ২:০০ ঘটিকার মধ্যে কমন সার্ভিসেস ডিপার্টমেন্ট-১(৭ম তলা, ২য় সংলগ্নী ভবন) এ দাখিল করতে হবে এবং একই তারিখ বেলা ২:০০ ঘটিকা পর্যন্ত অন-লাইনে ([www.etender.bb.org.bd](http://www.etender.bb.org.bd)) দরপত্র জমা দেয়া যাবে। একই তারিখ বেলা ২:৩০ ঘটিকায় দরপত্রে অংশগ্রহণকারীগণ অথবা তাদের প্রতিনিধিবৃন্দের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে।

বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে-কোন দরপত্র গ্রহণ অথবা যে-কোনো বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

-স্বাক্ষরিত-  
(অসীম কুমার মজুমদার)  
মহাব্যবস্থাপক  
ফোন: ৯৫৩০১৪৮